গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
নলছিটি, ঝালকাঠি।

# খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

নলছিটি উপজেলার কুলকাঠি ইউনিয়নের খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণ কার্যক্রম নির্বিঘ্ন রাখার স্বার্থে কুলকাঠী ইউনিয়নের নিম্নেবর্ণিত এলাকায় বর্ণিত শর্ত স্বাপেক্ষে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগের দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগামী ২৭/০২/২০২৪ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে দরখাস্ত দাখিল করতে হবে।

| ক্রমিক নং | খাদ্যশস্য বিক্রয়ের স্থান | ডিলার সংখ্যা |
|---|---|---|
| ০১ | সড়ই (মেইন রোড), কুলকাঠী ইউনিয়ন | ০১ জন |
| ০২ | পাওতা বাজার, কুলকাঠী ইউনিয়ন | ০১ জন |

## আবেদনকারীর নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে

১. আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
২. কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হওয়ার আবেদন করতে পারবেন না।
৩. একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক ডিলার হতে পারবেন না।
৪. আবেদনকারী ইউনিয়নের নির্দিষ্ট হাটে বা বাজারে নিজস্ব/ভাড়ার দোকান থাকতে হবে।
৫. দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মত ভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
৬. দোকানে/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনের) মে. টন খাদ্যশস্য সংরক্ষণের সু-ব্যবস্থা থাকতে হবে।
৭. আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
৮. খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সময়িকভাবে বরখাস্তকৃত কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তিকে ডিলার নিয়োগ দেওয়া হবেনা।
৯. আবেদনপত্রের সাথে ০৩ (তিন) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি, ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়ন পত্র, হালনাগাদ নাগরিক সনদ, বৈধ দোকান মালিকানার কাগজপত্র (ভাড়া চুক্তির ক্ষেত্রে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে সম্পাদিত চুক্তি পত্র সংযুক্ত করতে হবে)।
১০ সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব নির্বাচিত ডিলারদের নিয়োগ প্রদান করবেন।
১১. নির্বাচিত ডিলারকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নলছিটি কার্যালয়ে ২০,০০০/- (বিশ হাজার) টাকা পে-অর্ডার আকারে ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে এবং নির্ধারিত শর্তাবলী সম্বলিত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকার করতে হবে।

স্বাঃ-

**(মোঃ নাজমুল হোসাইন)**
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
নলছিটি, ঝালকাঠি।

স্মারক নং- ১৩.০১.৪২৭৩.০০৪.৫৭.২৪.১৪. ৬৮

তারিখ: ১৩/০২/২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। মাননীয় সংসদ সদস্য, ঝালকাঠি-২ ও প্রধান উপদেষ্টা, খাদ্যবান্ধব কর্মসূচির উপজেলা কমিটি, নলছিটি, ঝালকাঠি।
০২। জেলা প্রশাসক, ঝালকাঠি।
০৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝালকাঠি।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলছিটি, ঝালকাঠি।
০৬। ভাইস চেয়্যারম্যান/মহিলা ভাইস চেয়্যারম্যান, উপজেলা পরিষদ, নলছিটি, ঝালকাঠি।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, ঝালকাঠি।
০৮। চেয়ারম্যান/সচিব,কুলকাঠী ইউনিয়ন পরিষদ, নলছিটি, ঝালকাঠি। বহুল প্রচারের জন্য ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে টাঙানোর জন্য অনুরোধ করা হলো।
০৯। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
১০। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
নলছিটি, ঝালকাঠি।